আজ বুধবার
২৬ আগস্ট ২০২৬
১১ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১২ রবিঃ আউঃ ১৪৪৮ হিজরি

সংবাদের সাথে প্রতিমুহূর্ত

# দৈনিক আমার বার্তা




**খেলাধুলা**
ম্যাকাইয়ে ইচ্ছে করে এমন পিচ বানিয়েছে অস্ট্রেলিয়া -গাভাস্কার
পৃষ্ঠা >> ১০

**নগর-মহানগর**
'পরিচ্ছন্নতায় গাফিলতি হলে কঠোর ব্যবস্থা, কোনো অজুহাত চলবে না'
পৃষ্ঠা >> ৬

**বিশ্ব বার্তা**
৩ বছর বয়সী শিশুকে ধর্ষণ-হত্যার ঘটনায় বিক্ষোভে উত্তাল নেপাল
পৃষ্ঠা >> ৫

**বিনোদন**
হিমি'র নতুন দুই নাটক
পৃষ্ঠা >> ১০




www.amarbarta.com.bd ■ বর্ষ ১৩ ॥ সংখ্যা ১৮৭ ■ রেজি. নং ডিএ-৬২৭৬ ■ ১২ পৃষ্ঠা ১০ টাকা




# ঠাকুরগাঁও-১ আসনে উপনির্বাচন অক্টোবরে

## নভেম্বরে স্থানীয় ভোটের পরিকল্পনা



রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরের আসনে উপনির্বাচন আয়োজনের পরিকল্পনা নিয়ে এগোচ্ছে নির্বাচন কমিশন

নিজস্ব প্রতিবেদক

রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরের ছেড়ে দেওয়া ঠাকুরগাঁও-১ আসনে আগামী অক্টোবরে উপনির্বাচন আয়োজনের পরিকল্পনা নিয়ে এগোচ্ছে নির্বাচন কমিশন (ইসি)। এছাড়া স্থানীয় সরকার নির্বাচনও এক মাস পিছিয়ে নভেম্বরে শুরু করার কথা ভাবছে সংস্থাটি।

ইসি সূত্রে জানা গেছে, সংসদ সচিবালয় আসনটি শূন্য ঘোষণা করার পর উপনির্বাচনের প্রস্তুতি শুরু করেছে কমিশন। আইন অনুযায়ী, সংসদীয় আসন শূন্য হওয়ার ৯০ দিনের মধ্যে নির্বাচন করতে হয়। সে অনুযায়ী অক্টোবরে ভোট আয়োজনের পরিকল্পনা করা হচ্ছে। এ ক্ষেত্রে সেপ্টেম্বরে তফসিল ঘোষণা করা হতে পারে।

স্থানীয় সরকার নির্বাচন নিয়েও কমিশনের প্রস্তুতি চলছে। নভেম্বর মাসে ভোট গ্রহণের পরিকল্পনা নিয়ে এগোচ্ছে ইসি।

ভোটের ৪৫ দিন আগে তফসিল ঘোষণা করার নিয়ম অনুযায়ী, নভেম্বরে ভোট হলে সেপ্টেম্বরের মাঝামাঝি সময়ে তফসিল ঘোষণা করা হতে পারে।

কমিশন সূত্রে জানা গেছে, প্রথমে ইউনিয়ন পরিষদ নির্বাচন দিয়ে স্থানীয় সরকার নির্বাচন শুরু করার পরিকল্পনা রয়েছে। একই সঙ্গে পৌরসভা নির্বাচনও আয়োজন করা হতে পারে। এরপর উপজেলা, সিটি করপোরেশন ও জেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হতে পারে।

তবে স্থানীয় সরকার নির্বাচনের চূড়ান্ত তফসিল নিয়ে এখনো কমিশনে

## চলতি অর্থবছরেই সব স্থানীয় সরকার নির্বাচন

–মীর শাহে আলম, প্রতিমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

চলতি অর্থবছরের মধ্যেই পাঁচ ধরনের স্থানীয় সরকার নির্বাচন অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম। তিনি বলেছেন, এসব নির্বাচন আয়োজনের জন্য বাজেটে ৬ হাজার কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। গতকাল মঙ্গলবার সচিবালয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী

● পৃষ্ঠা-১১ কলাম ১



গতকাল দুপুরে বঙ্গভবনে রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সঙ্গে তিন বাহিনীর প্রধানগণ সৌজন্য সাক্ষাৎ করেন –পিআইডি

## রাষ্ট্রপতির সঙ্গে তিন বাহিনীর প্রধানগণের সৌজন্য সাক্ষাৎ

নিজস্ব প্রতিবেদক

রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন তিন বাহিনীর প্রধানগণ। গতকাল মঙ্গলবার দুপুরে বঙ্গভবনে সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান, নৌবাহিনী প্রধান অ্যাডমিরাল খোন্দকার মিসবাহ উল আজীম এবং বিমান বাহিনী প্রধান এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খাঁন রাষ্ট্রপতির সাথে সৌজন্য সাক্ষাৎ করেন।

তাঁরা রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করায় মির্জা ফখরুল ইসলাম

● পৃষ্ঠা-১১ কলাম ১

## পুলিশের শীর্ষ পর্যায়ে বড় রদবদল

নিজস্ব প্রতিবেদক

পুলিশের ঊর্ধ্বতন ১৭ কর্মকর্তাকে বদলি করে নতুন দায়িত্ব দেওয়া হয়েছে। এর মধ্যে র‍্যাব, ডিএমপি, পিবিআই, সিআইডি, এসবি, এপিবিএন ও রংপুর মেট্রোপলিটন পুলিশের গুরুত্বপূর্ণ পদে পরিবর্তন আনা হয়েছে।

গতকাল মঙ্গলবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপ-সচিব তৌছিফ আহমেদের সই করা পৃথক তিন প্রজ্ঞাপনে এই রদবদল করা হয়।

একটি প্রজ্ঞাপনে- পিবিআইয়ের ডিআইজি মো. হুমায়ুন কবিরকে র‍্যাবের অতিরিক্ত মহাপরিচালক

● পৃষ্ঠা-১১ কলাম ১

# সম্পর্ক মেরামতে ঢাকা দিল্লির নতুন চেষ্টা

আমার বার্তা ডেস্ক



বাংলাদেশ-ভারত সম্পর্কে সম্প্রতি বেশ টানাপোড়েনের মধ্য দিয়ে যাচ্ছে। বিশেষ করে প্রধানমন্ত্রী তারেক রহমানের ভারত সফর স্থগিত হওয়ায় দ্বিপাক্ষিক সম্পর্ক চাপের মুখে পড়েছে। তবে এমন রাজনৈতিক অস্বস্তির মধ্যেও যোগাযোগ পুরোপুরি থেমে নেই। বরং বাণিজ্য ও অর্থনৈতিক সহযোগিতা বাড়িয়ে সম্পর্ককে আবারও স্বাভাবিক ধারায় ফেরানোর চেষ্টা চলছে।

সীমান্ত হাট ফের চালু করা, স্থলবন্দরগুলো পুরোপুরি সচল করা এবং স্থলপথে সুতা আমদানির ওপর বিদ্যমান বিধিনিষেধ তুলে নেওয়ার মতো বিষয় নিয়ে আলোচনা করেছে বাংলাদেশ ও ভারত। দুই দেশের সম্পর্কের এই নতুন উদ্যোগে অর্থনীতিকেই আপাতত সবচেয়ে কার্যকর সেতু হিসেবে দেখা হচ্ছে।

গত সোমবার (২৪ আগস্ট) বাংলাদেশের বাণিজ্যমন্ত্রী খন্দকার আবদুল মুক্তাদিরের

● পৃষ্ঠা-১১ কলাম ১

রাজনৈতিক প্রতিহিংসায় কাউকে আটক করা হবে না –শামা ওবায়েদ

পৃষ্ঠা >> ২


## মহানবীর (সা.) আদর্শ অনুসরণে শান্তিপূর্ণ বাংলাদেশ গড়ার আহ্বান প্রধানমন্ত্রীর

নিজস্ব প্রতিবেদক

পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষ্যে মহানবী হজরত মুহাম্মদ (সা.)-এর শান্তি, ন্যায়, সহমর্মিতা, ক্ষমা ও মানবিকতার আদর্শ অনুসরণ করে ব্যক্তি, পরিবার, সমাজ ও রাষ্ট্রীয় জীবনে ন্যায় ও মানবিক মূল্যবোধ প্রতিষ্ঠার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.)

● পৃষ্ঠা-১১ কলাম ১



## আজ পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.)

নিজস্ব প্রতিবেদক

আজ বুধবার ১২ রবিউল আউয়াল, বিশ্বনবী হজরত মুহাম্মদ (সা.)-এর জন্ম ও ওফাত দিবস। সারা বিশ্বের মুসলমানরা এই দিনটিকে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) হিসেবে পালন করেন। হজরত মুহাম্মদ (সা.) পৃথিবীতে এসেছিলেন তাওহিদের মহান বাণী নিয়ে। প্রচার করেছেন শান্তির ধর্ম ইসলাম। তাঁর আবির্ভাব এবং ইসলামের শান্তির বাণীর প্রচার

● পৃষ্ঠা-১১ কলাম ২



দুর্যোগকালীন দেশব্যাপী বিকল্প যোগাযোগ ব্যবস্থা স্থাপনের মাধ্যমে অপারেশনাল কার্যক্রম সচল রাখতে গতকাল মিরপুরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এবং অ্যামেচার রেডিও অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের যৌথ কমিউনিকেশন এক্সারসাইজ সম্পন্ন হয় –আমার বার্তা

## গুম হওয়া ২৫০ জনই ফিরে আসেননি, তদন্তে মিলেছে সত্যতা

–চিফ প্রসিকিউটর

নিজস্ব প্রতিবেদক

আওয়ামী লীগ আমলে গুমের শিকার হয়ে এখনো ফিরে আসেননি এমন ২৫০ জনের গুম হওয়ার বিষয়ে প্রাথমিক সত্যতা মিলেছে বলে জানিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম। তিনি বলেন, এসব ব্যক্তি আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হাতে অপহরণের শিকার হয়েছেন। তদন্তে নিশ্চিত হয়েছে এসব তথ্য।

● পৃষ্ঠা-১১ কলাম ২

## গ্যাস সঙ্কট সহনীয় পর্যায়ে আনতে দুই বছর লাগতে পারে –তথ্য উপদেষ্টা

নিজস্ব প্রতিবেদক

বিশ্ববাজারে এলএনজির অস্বাভাবিক মূল্যবৃদ্ধি, এফএসআরইউ দুর্ঘটনা এবং দেশে দীর্ঘদিনের গ্যাস ঘাটতি– সব মিলিয়ে বিদ্যুৎ ও জ্বালানি খাতে কঠিন বাস্তবতার মুখে পড়েছে সরকার।

পরিস্থিতি সামাল দিতে এখন সরকারকে বেছে নিতে হচ্ছে– প্রায় দ্বিগুণ দামে এলএনজি কিনে বড় অঙ্কের ভর্তুকি দেওয়া হবে, নাকি স্বল্প মেয়াদে কিছুটা লোডশেডিং মেনে নেওয়া হবে। একই সঙ্গে শিল্পকারখানা সচল রাখতে বকেয়া গ্যাস-বিদ্যুৎ বিল ১২ মাসের কিস্তিতে পরিশোধের সুযোগ, কয়লাভিত্তিক বিদ্যুৎ উৎপাদন বাড়ানো, ভোলার গ্যাস দ্রুত ব্যবহারে আনা এবং দেশীয় উৎসে ১৫০টি কূপ খননের

● পৃষ্ঠা-১১ কলাম ৫

ক্ষমতাকে প্রশ্ন করা না গেলে আর সাংবাদিকতা হয় না –জহির উদ্দিন স্বপন

পৃষ্ঠা >> ২

## ৪৮তম বিশেষ বিসিএসে আরও ১৮৪ জনকে নিয়োগ

নিজস্ব প্রতিবেদক

৪৮তম বিসিএস (বিশেষ)-এ আরও ১৮৪ জনকে নিয়োগ দিয়ে প্রজ্ঞাপন জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। নিয়োগপ্রাপ্তদের মধ্যে ১৬৫ জন সহকারী সার্জন এবং ১৯ জন সহকারী ডেন্টাল সার্জন। আগামী ৭ সেপ্টেম্বরের মধ্যে তাঁদের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে যোগদান করতে হবে।

গতকাল মঙ্গলবার জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব (নব নিয়োগ শাখা) সাবিহা ফাতেমাতুজ্ জোহরা স্বাক্ষরিত

● পৃষ্ঠা-১১ কলাম ৩

### ছুটির ঘোষণা

পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) উপলক্ষে ২৬ আগস্ট দৈনিক আমার বার্তার সকল বিভাগ বন্ধ থাকবে। তাই বৃহস্পতিবার পত্রিকা প্রকাশিত হবে না। তবে বিশেষ ব্যবস্থায় অনলাইন amarbarta.com.bd চালু থাকবে।

–কর্তৃপক্ষ

সচিবালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে আইনমন্ত্রী

## সাংবিধানিকভাবেই পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির শপথ নিয়েছেন

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশের পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবিরের দ্বৈত নাগরিকত্ব প্রশ্নে আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান বলেছেন, সাংবিধানিকভাবেই শপথ নিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী। খবর বিবিসি বাংলার। গতকাল মঙ্গলবার সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এই কথা বলেন আইনমন্ত্রী। তিনি বলেন, 'প্রথম কথা হলো আইনে যেটা আছে সেটা আছে, দ্বিতীয় হলো এই সরকার যেটা করেছেন সংবিধান মেনেই করেছেন। এখানে ব্যত্যয়ের কোন কিছু ঘটেনি। সুতরাং আমরা যা

● পৃষ্ঠা-১১ কলাম ৩

দ্বৈত নাগরিকত্ব নিয়ে প্রশ্নের জবাব না দিয়ে গণমাধ্যমকে আক্রমণ উদ্বেগজনক –টিআইবি

পৃষ্ঠা >> ২

## সহযোগিতায় সম্পর্ক এগোয় নির্ভরতায় নয়

–ইইউ রাষ্ট্রদূত

নিজস্ব প্রতিবেদক

সহযোগিতা, জোট ও পারস্পরিক স্বার্থের ভিত্তিতেই বাংলাদেশ ও ইউরোপীয় ইউনিয়নের সম্পর্ক আরও এগিয়ে নেয়া সম্ভব বলে মন্তব্য করেছেন বাংলাদেশে নিযুক্ত ইইউ রাষ্ট্রদূত মাইকেল মিলার।

তিনি বলেন, 'চলমান সংঘাত, জলবায়ু পরিবর্তন ও অর্থনৈতিক অনিশ্চয়তার কারণে বৈশ্বিক পরিস্থিতি আগের চেয়ে জটিল হয়ে উঠেছে। এসব চ্যালেঞ্জ মোকাবিলায় আন্তর্জাতিক সহযোগিতা ও সংলাপ বাড়াতে হবে।'

● পৃষ্ঠা-১১ কলাম ৩

# 'ভারতের পানি আগ্রাসন ঠেকাতে বাংলাদেশ আরও সজাগ থাকবে'



গতকাল দুপুরে ফেনীর পরশুরামে মুহুরী নদীর বন্যা নিয়ন্ত্রণ বাঁধ পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন পানিসম্পদ মন্ত্রী মো. শহীদউদ্দীন চৌধুরী এ্যানি –আমার বার্তা

নিজস্ব প্রতিবেদক

ফেনীর পরশুরামে মুহুরী নদীর বন্যা নিয়ন্ত্রণ বাঁধ পরিদর্শন শেষে পানিসম্পদ মন্ত্রী মো. শহীদউদ্দীন চৌধুরী এ্যানি বলেছেন, ভারতের পানি আগ্রাসনের বিষয়ে বাংলাদেশ আরও বেশি সজাগ থাকবে। কোনো ধরনের আগ্রাসনের শিকার যেন বাংলাদেশের মানুষ না হন, সে বিষয়ে সরকার ও দেশবাসী সতর্ক থাকবে। গতকাল মঙ্গলবার দুপুরে ফেনীর পরশুরামের ঘাটঘর এলাকায় সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন।

পানিসম্পদমন্ত্রী বলেন, 'ভারত বাংলাদেশের প্রতিবেশী ও বন্ধুপ্রতিম দেশ। দুই

● পৃষ্ঠা-১১ কলাম ৩

সংসদ অধিবেশন

## শেরেবাংলা নগর এলাকায় সভা-সমাবেশ ও অস্ত্র বহন নিষিদ্ধ

নিজস্ব প্রতিবেদক

আগামীকাল বৃহস্পতিবার ত্রয়োদশ জাতীয় সংসদের ৩য় অধিবেশন শুরু হতে যাচ্ছে। এ উপলক্ষে শেরেবাংলা নগরস্থ জাতীয় সংসদ ভবন ও আশেপাশের এলাকার আইনশৃঙ্খলা রক্ষা এবং অধিবেশন নির্বিঘ্নে পরিচালনা নিশ্চিত করতে কিছু জরুরি নিষেধাজ্ঞা জারি করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)। ডিএমপি কমিশনার মোসলেহ্ উদ্দিন আহমেদের সই

● পৃষ্ঠা-১১ কলাম ৩




বুধবার ২৬ আগস্ট ২০২৬

| নামাজ | ওয়াক্ত শুরু |
|---|---|
| ফজর | ০৪:২১ |
| যোহর | ১২:০৪ |
| আসর | ০৪:৩৪ |
| মাগরিব | ০৬:২৯ |
| এশা | ০৭:৪৫ |

| আজ সূর্যাস্ত | কাল সূর্যোদয় |
|---|---|
| ৬:৩২ | ৫:৩৪ |

# জামায়াতের মতাদর্শের বিষয়ে সতর্ক করলেন কওমি আলেমরা



গতকাল রাজধানীর কাকরাইলে আইডিইবি মাল্টিপারপাস হলে জাতীয় উলামা-মাশায়েখ কনভেনশনে উপস্থিত কওমি ঘরানার আলেম ও রাজনৈতিক দলের নেতৃবৃন্দ –আমার বার্তা

নিজস্ব প্রতিবেদক

জামায়াতে ইসলামীর প্রতিষ্ঠাতা সাইয়্যেদ আবুল আ'লা মওদুদীর মতাদর্শের বিষয়ে সতর্ক থাকার আহ্বান জানিয়েছেন কওমি ঘরানার আলেম ও রাজনৈতিক দলের নেতারা। তাঁরা বলেছেন, আহলে সুন্নাত ওয়াল জামায়াতের আকিদা-বিশ্বাসের বিষয়ে কোনো আপস করা যাবে না। কওমি ঘরানার দলগুলোকেও এ বিষয়ে ঐক্যবদ্ধ থাকতে হবে।

গতকাল মঙ্গলবার রাজধানীর কাকরাইলে ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশের (আইডিইবি) মাল্টিপারপাস হলে জাতীয়

● পৃষ্ঠা-১১ কলাম ৪

## গণমাধ্যমকে নিয়ন্ত্রণ নয়, সমালোচনা গ্রহণই গণতন্ত্রের পরীক্ষা

–তথ্যমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

সরকারের সমালোচনা গ্রহণ করার মানসিকতাকেই গণতান্ত্রিক সংস্কৃতির বড় পরীক্ষা হিসেবে দেখছেন তথ্যমন্ত্রী আন্দালিভ রহমান পার্থ।

তিনি বলেছেন, গণমাধ্যমকে নিয়ন্ত্রণ করা বা কারও মুখ বন্ধ করা বর্তমান সরকারের নীতি নয়। সরকারের বিরুদ্ধে কথা বলার স্বাধীনতা সবার রয়েছে এবং

● পৃষ্ঠা-১১ কলাম ৪



তথ্য ও সম্প্রচার মন্ত্রী আন্দালিভ রহমান গতকাল সচিবালয়ে তথ্য অধিদফতরের সম্মেলনকক্ষে তথ্য অধিদফতরের উদ্যোগে প্রকাশিত সরকারের ১৮০ দিনের কর্মপরিকল্পনার সফল বাস্তবায়ন বিষয়ক গ্রন্থ 'আই হ্যাভ এ প্ল্যান'-এর মোড়ক উন্মোচন করেন। এসময় প্রতিমন্ত্রী ইয়াসের খান চৌধুরী এবং প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বিষয়ক উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান উপস্থিত ছিলেন –আমার বার্তা